

যা বলার ছিল

তোমাদের বামদিকে খরা,তোমাদের ডানদিকে বান,
 দুইপাশে খিদে-মারী-মড়া,পাতালের ডাক, চোরাটান।
 তোমাদের একপাশে বোন,আরপাশে মা-বাবার লাশ...
 যা বলি তা মনদিয়ে শোন --প্রাণ ঢেলে হবে এক চাষ...
 যে কাঁদে, ফোঁপায়,নুয়ে, পড়ে, ভাঙাঘরে বসে শুধু ভাবে --
 টেনে তোল তাকে হাতধরে -- দুশো ছটি হাড় বেশি পাবে।
 তোমাদের ঘরবাড়ি গেছে,খেতের ফসলও লোপাট,.
 কী হবে হে পোকাবেছেটেছে ? -আগুনে পোড়াও একলাট।
 কাটছাঁট করে আর নয়,যার যতটুকু আছে দোষ...
 কারো জন্য বসেনা সময়,ভাঙে বাঁধ এলে জনরোষ
 ফেৎস করে সাপ তোলেফসা, কণা কণা করে বোঝ যদি--
 রক্তের হোলিআল্পনা...ইতিহাস চলে নিরবধি।
 দাঙ্গা বিবাদ খুন ঠেলে --তোমাদের গতি আঁকাবাঁকা...
 খুশি থাকো -- চারা যতপেলে... কাঁধে কাঁধে হাত আছে রাখা,.
 তিল তিল করে আনোআলো, মুছে দাও শোক ব্যথা জ্বালা...
 হাতে হাত রেখে চলাভালো, বন্ধ ঘরের ভাঙে তালা...
 বাগানে ফোটাও লাল ফুল,ভুলগুলো সব করো রিপু,.
 ঝর্নাটা হাসে কুলকুল,জাগো যত আছে ফিসু - পিপু।

তোমাদের একচোখেপ্রেম, তোমাদের আর চোখে ঘৃণা...
 যা বলার ছিল জানালেম,না-জিতে যে আর সরছিনা !

সুদর্শন চৌধুরী

